
# ঝড়



বৈশাখে ঝাউশাখে এই এল ঝড়,
গাছেদের বুক কাঁপে ভয়ে থথর
আকাশে মেঘের হাঁক
বাজেরে কে দিল ডাক
বনে বনে বুনো ঝড় ছোটে শন্‌শন্‌
ঝম্‌ঝমে বরষার লেগেছে মাতন ।



ছোটে পশু, ওড়ে পাখি, কোথা পায় ঠাঁই
ডোবা-ভাসা আস্তানা আস্ত যে নাই ।
চারিদিকে থই থই
আবছা আঁধার ওই
এখুনি আঁধার পাখা ছড়াবে ভুবন ।
ঘরে আছি তবু ঝড়ে উড়ে গেছে মন ।

**নিজে করো**

1. **লেখো —**

থত্থর = থ্ + থ = ত্থ

আস্ত = স্ + ত = স্ত,

2. **নিচের বাক্যগুলির মধ্যে যেগুলি সঠিক সেখানে (√) চিহ্ন দাও ?**

(ক) গাছেদের বুক কাঁপে

(খ) গাছেদের হাত কাঁপে

(গ) বুনো ঝড় ছোটে ঝম্ঝম

(ঘ) ওড়ে পশু, ছোটে পাখি

3. **নিচে দেওয়া শব্দগুলি নিয়ে বাক্য রচনা করো —**

গাছ, আকাশ, মেঘ, পশু, পাখি,

4. **নিচের শব্দগুলি ঠিক জায়গায় বসাও —**

বনেবনে, শন্শন্, ঝমঝমে, থৈ থৈ

**(ক) শিকারীরা ........................................ শিকার করার জন্য ঘুরে বেড়ায় ।**

**(খ) ........................................................................ করে হাওয়া বইছে ।**

**(গ) চারিদিকে জল ........................................................ করছে ।**

**(ঘ) ........................................................................ করে বৃষ্টি পড়ছে ।**